মুজিবনগরে ভারতীয় পেঁয়াজের বীজসহ পালাতক চোরাকারবারী আটক

মুজিবনগরে ২১ কেজি ভারতীয় পেঁয়াজের বীজ সহ জাকির হোসেন নামের এক পালাতক চোরাকারবারীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

আজ রবিবার দুপুরে আটক হওয়া পেঁয়াজের বীজ থানায় নিতে আসলে তাকে আটক করা হয়। আটকৃত জাকির হোসেন মুজিবনগর উপজেলার আনন্দ বাস গ্রামের সাপুরের ছেলে।

এর আগে গোপন সংবাদের ভিত্তিতে গৌরীনগর গ্রামে ভারতীয় পেঁয়াজের বীজ আটক করতে গেলে বীজ ফেলে রেখে চোরা কারবারীরা পালিয়ে যাওয়ার সময় তাদের চিহ্নিতকরণ করে আনন্দবাস গ্রামের জাকির হোসেন ও সোনাপুর গ্রামের জাহাঙ্গীর হোসেন সহ অজ্ঞাতনামা দুই-তিনজনকে আসামি করে একটি এজাহার দায়ের করা হয়।

পুলিশ সূত্রে জানা গেছে, গতকাল শনিবার দিবাগত রাত ১ টা ৩০ মি: দিকে ৪ থেকে ৫ জন ব্যক্তি চোরাচালানের মাধ্যমে বিপুল পরিমাণ ভারতীয় পেঁয়াজের বীজ নিয়ে গৌরিনগর গ্রামের খালের ধার দিয়ে গৌরিনগর গ্রামের দিকে যাচ্ছে। এমন গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানার এসআই আব্দুর রাজ্জাকের নেতৃত্বে সঙ্গীয় ফোর্স অভিযান পরিচালনা করে। পুলিশের উপস্থিতি টের পেয়ে চোরা কারবারীরা পেঁয়াজের বীজ ফেলে রেখে পালিয়ে যাওয়ার সময় তাদের চিহ্নিত করে পুলিশ।

পরে থানায় এসে উল্লেখ দুইজনসহ ৩/৪ জনকে অজ্ঞাত আসামী করে একটি মামলা দায়ের করা হয়। এদিকে রবিবার দুপুরে এদের মধ্যে জাকির নামের ওই ব্যক্তি থানায় বীজ নিতে আসলে তাকে আটক করা হয়।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান ঘটনার সতত্যা নিশ্চিত করেন।

গাংনীতে গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

পৌনে ৩ কেজি গাঁজাসহ তৌফিক মোল্লা (৩৭) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) মেহেরপুর ক্যাম্প।

আজ মঙ্গলবার (৫ নভেম্বর) সকাল সাড়ে ৭ টার দিকে গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়া গ্রামে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়।

মাদক ব্যবসায়ী তৌফিক হোসেন গাংনী উপজেলার সীমান্তবর্তি খাঁসমহল গ্রামের মৃত আবুল কালামের ছেলে।

র্যাব-১২ এর ক্রাইম প্রিভেনশন কোম্পানী-৩ মেহেরপুর ক্যাম্প কমান্ডার ও অতিরিক্ত পুলিশ সুপার আশরাফউল্লাহ (পিপিএম) এই তথ্য নিশ্চিত করেন।

তিনি জানান, গোপন তথ্যের ভিত্তিতে সীমান্তবর্তি তেঁতুলবাড়ীয়া গ্রামে অভিযান চালিয়ে তাঁকে ২ কেজি ৭ শ গ্রাম হাঁজাসহ আটক করা হয়। মাদক ব্যবসায়ী তৌফিক গাঁজার বিক্রির জন্য সেখানে অবস্থান করছিলেন। আটককৃতকে গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

কুষ্টিয়ায় ট্রেন থেকে ফেনসিডিলসহ তিন মাদক ব্যবসায়ী আটক

কুষ্টিয়ার মিরপুর উপজেলার পোড়াদহ জংশন স্টেশনে নকশী কাঁথা কমিউটার ট্রেন থেকে ৩৩০ বোতল ফেনসিডিলসহ তিন মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ।

আজ শনিবার (০২ নভেম্বর) ভোরে কুষ্টিয়ার মিরপুর উপজেলার পোড়াদহ

রেলওয়ে জংশনে খুলনা থেকে ঢাকা গামী নকশী কাঁথা কমিউটার ট্রেনে অভিযান চালিয়ে ৩৩০ বোতল ফেন্সিডিলসহ তিন মাদক ব্যবসায়ীকে আটক করে পোড়াদহ রেলওয়ে থানা পুলিশ।

আটককৃত আসামিরা হচ্ছেন- চুয়াডাঙ্গা জেলার জীবননগর থানার আন্দলবাড়িয়া এলাকার আব্দুর রশিদ মন্ডলের ছেলে হাসান মিয়া (২১) একই এলাকার মইদুল মন্ডলের ছেলে শাকিল হোসেন (২৪) ও হামিদুল মন্ডলের স্ত্রী হাজেরা খাতুন (৪৫)।

পুলিশ সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে খুলনা থেকে ছেড়ে আসা ঢাকাগামী নকশিকাঁথা কমিউনটার ট্রেন পোড়াদহ জংশন স্টেশনে পৌঁছালে অভিযান পরিচালনা করে পোড়াদহ রেলওয়ে থানা পুলিশ। অভিযান পরিচালনা কালে বস্তার মধ্যে রাখা ৩৩০ বোতল ভারতীয় নিষিদ্ধ ফেনসিডিল উদ্ধার করা হয়। উক্ত ফেনসিডিল বহনের দায়ে তিনজন আসামিকে গ্রেফতার করে পুলিশ।

ঘটনার সত্যতা নিশ্চিত করে পোড়াদহ রেলওয়ে থানার ওসি জহিরুল ইসলাম জহির বলেন, গোপন সংবাদের ভিত্তিতে মাদকসহ তিনজন আসামিকে গ্রেফতার করা হয়েছে। আসামিদের পোড়াদহ রেলওয়ে থানায় মাদক মামলায় বিজ্ঞ আদালতে প্রেরণ করা হবে।

গাংনীতে গাঁজাসহ ২ মাদক কারবারী আটক

গাংনীতে ৫ কেজি গাঁজাসহ দুই মাদক কারবারীকে আটক করেছে গাংনী থানা পুলিশ। আজ শুক্রবার (০১ নভেম্বর) ভোররাতে গোপন সংবাদের ভিত্তিতে খবর পেয়ে গাংনী থানা পুলিশের একটি টিম তাঁদের বাড়িতে অভিযান চালিয়ে আটক করেন।

আটককৃতরা হলো, গাংনী উপজেলার গাঁড়াবাড়িয়া গ্রামের আজিবর রহমানের ছেলে শামিম হোসেন ওরফে রাজু (২৮) ও একই গ্রামের রতন আলীর ছেলে মোমিনুল ইসলাম(২১)।

গাংনী থানার ওসি বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, নিজ বাড়িতে মাদক নিয়ে অবস্থান করছে এমন সংবাদেব ভিত্তিতে উপপরিদর্শক (এসআই) পিন্টুর নেতৃত্বে পুলিশের একটি টিম ওই বাড়িতে অভিযান চালান।

এসময় ৫ কেজি গাঁজাসহ রাজু ও মোমিনুল ইসলাম আটক হন।

আটককৃত রাজু ও মমিনুলের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে মেহেরপুর জেলা হাজতে প্রেরণ করা হয়েছে।

দর্শনায় ফেনসিডিল ও গাঁজাসহ মহিলা মাদক ব্যবসায়ী আটক

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৩২বোতল ফেনসিডিল ও ১শ ৭০ গ্রাম গাঁজাসহ তাসলিমা খাতুনকে (৩০)আটক করেছে। আটককৃত তাসলিমা খাতুন দর্শনা পৌরসভার রামনগর গ্রামের ফরজ আলীর স্ত্রী।

জানাযায় গতকাল বুধবার সন্ধা সাড়ে ৬ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীরের নেতৃত্বে অভিযান চালায় রামনগর গ্রামে। এ সময় দর্শনা থানার এস আই অনুজ কুমার সরকার গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালায় রামনগর গ্রামের ফরজ আলী ওরফে সবুজ এর বসত বাড়ীর শয়ন কক্ষে। সেই সময় পুলিশ তার ঘরের কক্ষ থেকে ৩২ বোতল ফেনসিডিল ও ১শ ৭০ গ্রাম গাঁজাসহ তাসলিমাকে আটক করে।

আটককৃত তাসলিমাকে এসআই অনুজ কুমার সরকার বাদি হয়ে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্টে সোপর্দ করবে বলে জানিয়েছে পুলিশ।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বিদেশী পিস্তলসহ ৩ জন আটক

মেহেরপুরের মুজিবনগরে অভিযান চালিয়ে ইটালি তৈরী একটি অত্যাধুনিক ম্যাগজিন ও পিস্তলসহ ৩ জনকে আটক করেছে মেহেরপুর অবস্থানরত বাংলাদেশ সেনাবাহিনীর একটি টিম।

আজ বুধবার (২৩ অক্টোবর) সকালে মেহেরপুর শহরের স্টেডিয়াম পাড়ায় জনৈক বাবলুর বাড়ি পাশ থেকে পিস্তলটি উদ্ধার করা হয়।
আটকরা হলেন, মুজিবনগর উপজেলার যতারপুর গ্রামের মহাসিন আলীর ছেলে আওয়ামীলীগ সমর্থক কাঠমিস্ত্রি সাইফুল ইসলাম(৩২), দারিয়াপুর গ্রামের কাওসার আলীর ছেলে পেশাদার চোর এনামুল হক (৩৫) এবং একই গ্রামের মিন্টু আলীর ছেলে বিএনপি সমর্থক সাইফুল ইসলাম (৩২)।

বাংলাদেশ সেনাবাহিনী ২৭ ফিল্ড আর্টিলারি রেজিমেন্টের মেজর জাহিনের নেতৃত্বে অভিযান চালিয়ে অস্ত্রসহ এই তিনজনকে আটক করা হয়।

স্থানীয়রা জানান, দারিয়াপুর গ্রামের আটক এনামুল হকের বিরুদ্ধে চুরিসহ বিভিন্ন অপকর্মের অভিযোগ রয়েছে। সে এর আগেও এলাকায় কয়েকটি দোকানে চুরি করে ধরা পড়েছিল। এনিয়ে তার বিরুদ্ধে একাধিকবার শালিস বৈঠক ও জরিমানা করা হয়েছে।

মেহেরপুর সেনাবাহিনীর সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে গেলোরাতে বাংলাদেশ সেনাবাহিনী ২৭ ফিল্ড আর্টিলারি রেজিমেন্টের মেজর জাহিনের নেতৃত্বে একটি টিম মুজিবনগর উপজেলার জতারপুর গ্রামের সাইফুল ইসলাম, একই উপজেলার দারিয়াপুর গ্রামের এনামুল হক ও অপর সাইফুল ইসলামকে আটক করে। তাদের আটকের জিজ্ঞাসাবাদের এক পর্যায়ে অস্ত্রের কথা স্বীকার করেন। তাদের দেওয়া স্বীকারোক্তি অনুযায়ী শহরের স্টেডিয়ামপাড়া এলাকার ঝটকার ছেলে বাবলুর বাড়ির পাশ থেকে ইটালি তৈরি ম্যাগাজিনসহ একটি অত্যাধুনিক পিস্তল উদ্ধার করেন।

এঘটনায় অস্ত্র আইনে মামলা দিয়ে মেহেরপুর থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আনোয়ার হোসেন (৩৭)।

আজ রবিবার (১৩ অক্টোবর) বিকেলে গাংনী পৌর এলাকায় অভিযান চালিয়ে তাদের আটক করেন র্যাব সদস্যরা।

র্যাব-১২ সিপিসি গাংনী ক্যাম্পের কমান্ডার সহকারি পুলিশ সুপার এনামুল হক এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, মাদক ব্যবসায়ীরা গাঁজা নিয়ে গাংনী পৌর এলাকার ৬ নং ওয়ার্ডের আরাফ এন্টারপ্রাইজের সামনে অবস্থান করছে এমন সংবাদের ভিত্তিতে র্যাবের একটি দল সেখানে অভিযান চালান। সে সময় র্যাবের উপস্থিতি টের পেয়ে তারা পালানোর চেষ্টা করেন। এসময় র্যাব সদস্যরা দুই কেজি গাঁজাসহ ইন্তাজুল ইসলাম ও আনোয়ার হোসেনকে আটক করেন।

আটককৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা একটি নিয়মিত মামলা দিয়ে গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

আলমডাঙ্গায় যৌথবাহিনীর অভিযানে রিভলভারসহ মোটরসাইকেল আটক

আলমডাঙ্গা উপজেলা থেকে ১টি রিভলবারসহ রেজিস্ট্রেশন বিহীন মোটরসাইকেল এবং মোবাইল ফোন উদ্ধার করেছে যৌথ বাহিনী। গতকাল শুক্রবার রাতে উপজেলার কুমারী ইউনিয়নের কারিগর পাড়া এলাকা থেকে এসব উদ্ধার করা হয়।

চুয়াডাঙ্গা আর্মি ক্যাম্পের ক্যাম্প কমান্ডার লেঃ কর্ণেল মোহাঃ জয়নুল আবেদীন এক প্রেসবিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি নিশ্চিত করেন।

এতে বলা হয়, উপজেলার কুমারী ইউনিয়নের কারিগর পাড়ায় গোপন সংবাদের ভিত্তিতে বিশেষ অভিযান চালানো হয়। এসময় দুষ্কৃতিকারীরা ঘটনাস্থল থেকে পালিয়ে যায়। ঘটনাস্থলে তল্লাশি চালিয়ে একটি বিদেশি রিভলবার

উদ্ধার করে। সেই সাথে একটি অনিবন্ধিত মোটরসাইকেল ও একটি মোবাইল ফোন জব্দ করা হয়।

অভিযানে কাউকে আটক করা সম্ভব হয়নি বলেও বিজ্ঞপ্তিতে জানান দায়িত্বরত ওই সেনাকর্মকর্তা। উদ্ধারকৃত মালামাল সামগ্রী আলমডাঙ্গা থানায় প্রেরণ করা হয়।